**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ নাগিছড়ায় হর্টিকালচার রিসার্চ কমপ্লেক্স পরিদর্শন করেন ।**

**(২) আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে মনোনয়পত্র গ্রহনের কাজ চলছে ।**

**(৩) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে উৎপাদনের পরিমাণ বাড়াতে বিজ্ঞানীদের সরাসরি কৃষকদের সঙ্গে যোগাযোগ করতে হবে ।**

**(৪) ভূপালে অনুষ্ঠিত আন্ত: সাই জুডো প্রতিযোগিতায় পদক জয়ী রাজ্যের জুডো খেলোয়াড়দের আজ সংবর্ধনা জ্ঞাপন করা হল ।**

**********************************************

**Forest minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ নাগিছড়ায় হর্টিকালচার রিসার্চ কমপ্লেক্স পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি বলেন এই গবেষণা কেন্দ্র থেকে রাজ্যের কৃষকরা সবচেয়ে বেশি লাভবান

হতে পারবেন। ভবিষ্যতে রাজ্যের কৃষি ও উদ্যান বিভাগকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রেও এই গবেষণা কেন্দ্রটি বড় ভুমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। আগামীদিনে পাহাড়ী এলাকায় কৃষি ভিত্তিক ফসল উৎপাদনের বিষয়ে তিনি বিজ্ঞানী ও আধিকারিকদের সঙ্গে কথা বলেন। কৃষকরা যাতে উৎপাদনের পাশাপাশি আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারেন সেই বিষয়ের উপরও জোর দেন তিনি।

*************************

**Nomination-North :**

উত্তর ত্রিপুরা জিলা পরিষদের ১৭টি আসনে আজ বিজেপি প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিয়েছেন। উত্তর জেলা নির্বাচন আধিকারিকের অফিস সূত্রে জানা গেছে, ইতিপূর্বে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সতেরোটি আসনের মধ্যে সিপিএম ১৭টিতে, কংগ্রেস ৫টি ও নির্দল প্রার্থী ১টি আসনে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

***************************

**Nomination-Khowai :**

খোয়াই পঞ্চায়েত সমিতির মোট ১৩টি আসনে আজ বিজেপি প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন। রিটার্নিং অফিসার তথা খোয়াই ব্লক আধিকারিক অভিজিৎ দাসের কাছে তারা মনোনয়ন পত্র জমা দেন। খোয়াই আর-ডি ব্লকের ২৫টি গ্রাম পঞ্চায়েতের ২৪৯টি আসনেও আজ বিজেপি প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন। তাছাড়া গ্রাম পঞ্চায়েতের নির্বাচনে তিপরা মথা দলের পক্ষ থেকে ৬ জন প্রার্থী এবং কংগ্রেস দলের পক্ষ থেকে ৩ জন

প্রার্থী আজ মনোনয়নপত্র জমা দেন। বিধায়ক পিনাকি দাস চৌধুরী জানিয়েছেন, এখন পর্যন্ত খোয়াই জেলার তিনটি ব্লকের ৫৬টি গ্রাম পঞ্চায়েতের ৫৮৪টি আসনে এবং ৩টি পঞ্চায়েত সমিতির ৩৭টি আসনে বিজেপি প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন।

****************************

**Nomination-Unakoti :**

ঊনকোটি জেলার গৌরনগর ব্লকে আজ বিজেপি মনোনীত প্রার্থীরা তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। মনোনয়নপত্র জমা দেবার আগে বিভিন্ন গাঁও পঞ্চায়েত এলাকা থেকে দলীয় প্রার্থীদের নিয়ে মিছিল করে কর্মী-সমর্থকরা ব্লক সদরে আসেন। এদিকে রিটার্নিং অফিসার তথা গৌরনগর ব্লকের বিডিও প্রনয় দাস জানান, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গৌরনগর ব্লকে রয়েছে ৭৫টি পোলিং বুথ। নির্বাচন উপলক্ষ্যে সাতজন সহকারী রিটার্নিং অফিসার এবং দশজন সেক্টর অফিসার নিয়োগ করা হয়েছে।

************************

**Nomination-Gomati :**

গোমতি জিলা পরিষদের ১৩টি আসনে বিজেপি প্রার্থীরা আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। মনোনয়নপত্র জমা দেওয়ার সময় প্রার্থীদের সঙ্গে ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, তিন বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার ও রামপদ জমাতিয়া প্রমুখ।

**************************

**Nomination-Dhalai :**

ধলাই জিলা পরিষদের নয়টি আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিজেপি প্রার্থীরা আজ জেলা নির্বাচন আধিকারিক সাজু ওয়াহিদ এ 'র কাছে মনোনয়নপত্র দাখিল করেন। তাছাড়া আমবাসা পঞ্চায়েত সমিতির নয়টি আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিজেপি প্রার্থীরা আজ আমবাসা ব্লকের বিডিও তথা রিটার্নিং অফিসার মুনমুন দেববর্মার কাছে মনোনয়নপত্র দাখিল করেন।

*****************************

**Nomination-Sepahijala :**

সিপাহীজলা জিলা পরিষদ নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ মোট ১৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এরমধ্যে ১৪ জন বিজেপি প্রার্থী ও ১ জন কংগ্রেস প্রার্থী। জেলাশাসক তথা জিলা পরিষদ নির্বাচনের রিটার্নিং অফিসার ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল এই মনোনয়নপত্রগুলি গ্রহণ করেন। অতিরিক্ত রিটার্নিং অফিসার তথা ডেপুটি কালেক্টর সোমেন দেবনাথ আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে জানিয়েছেন আজ পর্যন্ত সিপাহীজলা জিলা পরিষদ নির্বাচনের জন্য মোট ৪১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

**************************

**Nomination of BJP :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে বামুটিয়া ব্লক এলাকার ১০টি পঞ্চায়েতে বিজেপি মনোনীত প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিয়েছেন। বিজেপির বামুটিয়া মন্ডল সভাপতি বিজু পাল জানান, বামুটিয়া বিধানসভা কেন্দ্রের ছয়টি এবং বড়জলা বিধানসভা কেন্দ্রের চারটি

গ্রাম পঞ্চায়েতের প্রার্থীরা মনোনয়ন জমা করেছেন। আগামী ১৮ই জুলাই পঞ্চায়েত সমিতি এবং জিলা পরিষদের প্রার্থীরা মনোনয়ন জমা করবেন বলে তিনি জানান।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

***************************

**Agri Minister :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে উৎপাদনের পরিমাণ বাড়াতে বিজ্ঞানীদের সরাসরি কৃষকদের সঙ্গে যোগাযোগ করতে হবে। শ্রী চৌহান নতুনদিল্লিতে ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চের ৯৬ তম প্রতিষ্ঠা দিবসের উদ্বোধন করে একথা বলেন। তিনি বলেন, কৃষকদের আয় দ্বিগুণ করা সহ সরকারের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়, কলেজ, কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে শুরু করে কৃষিজমি পর্যন্ত কৃষির প্রতিটি উপাদানকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি বলেন, আজও দেশের অর্ধেক মানুষ কৃষির উপর নির্ভরশীল এবং কৃষিক্ষেত্র সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার।

দেশ শুধু শস্য উৎপাদনেই স্বয়ংসম্পূর্ণ নয়, মৎস্য ও দুগ্ধ উৎপাদনেও অভূতপূর্ব প্রবৃদ্ধি অর্জন করেছে বলেও মন্ত্রী উল্লেখ করেন। তিনি বলেন, সরকার ডাল ও তৈলবীজেও দেশকে স্বয়ংসম্পূর্ণ করতে বদ্ধপরিকর। তিনি বিজ্ঞানীদের জৈব চাষে মনোযোগ দেওয়ার আহ্বান জানান।

*****************************

**All Party Meeting :**

সংসদের বাজেট অধিবেশন উপলক্ষে সরকার আগামী রবিবার সর্বদলীয় বৈঠক ডেকেছে। বৈঠকে সংসদের উভয় কক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার সব রাজনৈতিক দলের সহযোগিতা চাইবে। ২২শে জুলাই থেকে ১২ই আগস্ট পর্যন্ত বাজেট অধিবেশন চলবে। ২৩শে জুলাই কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে। এটি হবে নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় মেয়াদে প্রথম বাজেট। গত মাসে, সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে ভাষণ দেওয়ার সময়, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জোর দিয়ে বলেন যে এই বাজেট সরকারের সুদূরপ্রসারী নীতি এবং ভবিষ্যতবাদী দৃষ্টিভঙ্গির একটি কার্যকর দলিল হবে।

**************************

**Rail Stop :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিলোনিয়া রেল ষ্টেশনে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনটিকে দাঁড় করাতে বা স্টপেজ দিতে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে আজ এক চিঠিতে অনুরোধ জানিয়েছেন। মন্ত্রী শ্রী চৌধুরী সাব্‌রুম পর্যন্ত কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেন চালানোর জন্য কেন্দ্রীয় রেলমন্ত্রীকে ধন্যবাদ

জানান। তিনি উল্লেখ করেন, দক্ষিণ জেলার সদর দপ্তর বিলোনিয়ায় স্টপেজ দিলে সব অংশের রেল যাত্রীদের সুবিধা হবে। উল্লেখ্য, সাংসদ বিপ্লব কুমার দেবও কাঞ্চনজঙঘা এক্সপ্রেসকে বিলোনিয়ায় দাঁড় করানোর জন্য কেন্দ্রীয় রেল মন্ত্রকের কাছে দাবি জানিয়েছিলেন।

*****************************

**Gandachera :**

স্বাভাবিক ছন্দে ফিরছে গন্ডাছড়া। আজ বিকেলে গন্ডাছড়া বাজার এলাকার সমস্ত দোকানপাট খুলেছে। ধলাই জেলার জেলার জেলা শাসক ও সমাহর্তা সাজু ওয়াহিদ এ ও জেলার পুলিশ প্রধান অভিনাশ রাই অন্যান্য আধিকারিক স্থানীয় বাসিন্দাদের নিয়ে গোটা এলাকা ঘুরে দেখেন এবং সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। এক সাক্ষাৎকারে জেলাশাসক বলেন পরিস্থিতি স্বাভাবিক। নিরাপত্তার কাজে যারা নিয়োজিত ছিলেন সেই সকল নিরাপত্তা কর্মীরা এখানেই থাকবেন। কোন ধরনের অপ্রীতিকর ঘটনা যেন না ঘটে সেদিকে লক্ষ্য রাখা হচ্ছে। তিনি শান্তিরক্ষায় সকলের সহায়তা প্রার্থনা করেছেন। তিনি বলেন,

##########Byte#########

*****************************************************

**CPIM Press Meet :**

রাজ্যে অবাধ ও সুষ্ঠু ভাবে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন করার জন্য উচ্চ আদালতের দ্বারস্থ হয়েছে রাজ্য বামফ্রন্ট নেতৃত্ব। আজ মেলারমাঠ দশরথ দেব স্মৃতি ভবনে আয়োজিত এক

সাংবাদিক সম্মেলনে রাজ্য বামফ্রন্টের আহবায়ক নারায়ন কর একথা জানিয়ে বলেন তাদের এই আবেদন আজ গৃহীত হয়েছে এবং আগামী ১৮ই জুলাই এর শুনানীর দিন ধার্য করেছে উচ্চ আদালত। শ্রী কর অভিযোগ করেন রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের কোন পরিবেশ নেই। বিভিন্ন ব্লক ও পঞ্চায়েত এলাকায় বিরোধী দলের মনোনীত প্রার্থীদের মনোনয়নপত্র জমা দিতে আগে বাধা দেওয়া হচ্ছে। এই বাধাকে অতিক্রম করেও কোন কোন জায়গায় বাম প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিতে পেরেছেন। তিনি অভিযোগ করেন যারা মনোনয়ন পত্র জমা দিয়েছেন তাদেরও মনোনয়ন পত্র তুলে নেওয়ার জন্য হুমকি দেওয়া হচ্ছে।

পাশাপাশি নির্বাচন কমিশনারে কাছে চার দফা দাবী তুলে ধরেন তারা। দাবী গুলি হল মনোনয়ন পত্র জমা দেবার সময় আরো বাড়াতে হবে, ব্লক কার্যালয়ের পাশাপাশি প্রতিটি জেলা শাসকের কার্যালয়ে মনোনয়ন পত্র জমা দেবার ব্যবস্থা করতে হবে, শুধু ব্লক কার্যালয়ের বাইরে  নয় ব্লকে আসার প্রতিটি রাস্তার পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা এবং বিরোধী দলের প্রার্থীদের উপর যারা আক্রমন করেছে তাদের বিরুদ্ধে স্বতোপ্রনোদিত মামলা গ্রহন করা। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সিপিআইএম নেতা মানিক দে, নরেশ জমাতিয়া, রাধাচরণ দেববর্মা প্রমুখ।

*************************

**Special Lok Adalat :**

আগামী ২৯শে জুলাই থেকে ৩রা আগস্ট পর্যন্ত সুপ্রিম কোর্ট বিশেষ লোক আদালত সপ্তাহের আয়োজন করছে। ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী আজ জানিয়েছেন, ত্রিপুরার ৪৯টি মামলা এই বিশেষ লোক আদালতে

শুনানির জন্য গ্রহন করা হয়েছে। মামলাগুলির চুড়ান্ত শুনানির আগে সুপ্রিম কোর্টের নির্দেশে ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গত ২৫ জুন থেকেই প্রি-লোক আদালত কনসিলিয়েশনের প্রক্রিয়া শুরু হয়েছে। শ্রীমতি দত্ত চৌধুরি জানান, আগামী ২২ জুলাই পর্যন্ত হাইকোর্ট আইনসেবা কমিটির অফিসে প্রি-লোক আদালত কনসিলিয়েশন প্রক্রিয়া চলবে। প্রয়োজনে ভিডিও কনফারেন্সের মাধ্যমেও প্রি-লোক আদালত কনসিলিয়েশনের শুনানিতে অংশ গ্রহনের সুবিধা রয়েছে।

**************************

**Reception :**

ভূপালে অনুষ্ঠিত আন্ত: সাই জুডো প্রতিযোগিতায় পদক জয়ী রাজ্যের জুডো খেলোয়াড়দের আজ সংবর্ধনা জ্ঞাপন করা হল। বাধারঘাটের ইন্ডোর স্টেডিয়ামে সকালে এই অনুষ্ঠান হয়। এতে উপস্থিত ছিলেন ক্রীড়া দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তা এস বি নাথ। উল্লেখ্য, ভূপালে গত ২০ থেকে ২৩ জুন অনুষ্ঠিত আসরে ৫টি স্বর্ণ ও ৩টি ব্রোঞ্জ পদক জয় করেছিলো রাজ্যের খেলোয়াড়রা।

***************************

**Women's Football :**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ বিশ্রামগঞ্জ প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় বিশ্রামগঞ্জ প্লে সেন্টার ১১-০ গোলে চলমান সংঘকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************************